

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ জরিপ অধিদপ্তর
অ্যাডমিন অ্যান্ড একাউন্স শাখা (উন্নয়ন সার্ভে)
<http://www.sob.gov.bd>
তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ১২০৮

স্মারক নম্বর: ২৩.০৮.০০০০.০১৯.২৫.০০৩.১৭.৪৯৫

তারিখ: ৮ পৌষ ১৪২৭

২৩ ডিসেম্বর ২০২০

বিষয়: ২০২০-২০২১ মাঠ মৌসুমের টপোগ্রাফিক মানচিত্রের ফিল্ড ভেরিফিকেশনের কারিগরি নির্দেশাবলী প্রসঙ্গে।

বাংলাদেশ জরিপ অধিদপ্তরের ১:২৫,০০০ স্কেলের টপোগ্রাফিক মানচিত্র ২০২০-২০২১ মাঠ মৌসুমে ফিল্ড ভেরিফিকেশনকাজ যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত কারিগরি নির্দেশাবলী সংশ্লিষ্ট সকল কর্মচারীকে অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

নির্দেশাবলীঃ

০১। (ক) ফিল্ড ভেরিফিকেশনের প্রয়োজনীয় সরঞ্জামাদি/মালামাল ফিল্ডে গমনের পূর্বে সংগ্রহ করবেন। **Blue Print** পাওয়ার পর পার্টি অফিস **Print Quality**, সীটের **Dimension** সহ সকল উপাত্ত অবশ্যই চেক করবেন। জরিপকালীন সময়ে কোন উপাত্ত ইতিমধ্যে স্থাপিত হলে তা যদি ব্লু-প্রিন্টে না থাকে তবে তা জরিপ করতে হবে।

(খ) মাঠে গমনের পূর্বেই ১:২৫,০০০ স্কেলের পূর্বের মানচিত্রের সাথে **Plotter Print** এর তুলনা করে প্রস্তুতি গ্রহণ করতে হবে এবং সে অনুযায়ী মাঠ জরিপের সময়ে উপাত্ত সংগ্রহ করতে হবে। মাঠ হতে আসার পর পূর্বের ১:২৫,০০০ স্কেলের মানচিত্র হতে উপাত্ত সংযোজন করার জন্য **GIS Unit** কে বলা যাবে না।

০২। নদী এলাকার মানচিত্রের নদীর পাড়, টাইডাল, নন-টাইডাল অর্থাৎ **Flow Arrow, Tidal Arrow, High Water Line, Low Water Line** এবং স্টীমার সার্ভিস, লঞ্চ সার্ভিস যথাযথভাবে জরিপ করতে হবে।

০৩। বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত ১:২৫,০০০ স্কেলের ম্যাপ স্পেসিফিকেশন অনুযায়ী বিভিন্ন ফিচারের তথ্য/উপাত্ত সংগ্রহ করতে হবে। অপরদিকে জিআইএস ফিচার কোড অত্যন্ত জরুরী বিধায় জরিপকৃত প্রতিটি ফিচার কোড জিআইএস হতে সরবরাহকৃত রেকর্ডকোড (**Record_Code 2019**) অনুসারে হার্ড কপিতে লিখতে হবে।

০৪। (ক) জরিপ কাজ শুরু করার পূর্বে ইনসারশন গাইড, ডিলেশন গাইড ও কালার ট্রেসের এক্সেসরিজ কাজ সম্পন্ন করতে হবে। জরিপকৃত সকল উপাত্ত হ্যান্ড হেল্ড জিপিএস/পিটি এর সাহায্যে সংগ্রহ করতে হবে।

(খ) ফিল্ডে গমনের পূর্বে ক্যাম্প অফিসার/প্রকর্মীগণ হ্যান্ড হেল্ড জিপিএস ব্যবহার শিখবেন। যেমন- **GPS Receiver** সমূহ **BUTM 2010** এ সেটিং করা ও **Control Point** এর সাথে **Calibrate** করা, **Setup Option** থেকে **Time, Units ও Position Format** চেক করা।

(গ) মাঠে গমন করেই প্রকর্মীগণ ক্যাম্পের নিকটস্থ **GPS** পিলারের স্থানাংকের সাথে নিজেদের **GPS** দ্বারা সংগ্রহকৃত স্থানাংক তুলনা করবেন এবং প্রয়োজনে ক্যাম্পে একটি **Auxiliary** পয়েন্ট তৈরী করে প্রতিদিন মাঠের কাজে যাওয়ার পূর্বে হ্যান্ড হেল্ড জিপিএস সঠিকতা নিশ্চিত করবেন। প্রকর্মীগণ হ্যান্ড হেল্ড জিপিএস দ্বারা অন্তত ৪/৫ মিনিট পর্যবেক্ষণের পর সংগ্রহকৃত স্থানাংক সমূহের **Accuracy 5m** বা তার চেয়ে কম প্রদর্শিত হলে **Save/Store** করবেন এবং কো-অর্ডিনেট লিস্টে লিপিবদ্ধ করতে হবে। সংগ্রহকৃত **Data** কম্পিউটারে **Download** এবং **Save/Store** করবেন।

(ঘ) হ্যান্ড হেল্ড জিপিএস এর মাধ্যমে **Data** সংগ্রহের সময় জিআইএস হতে সরবরাহকৃত সঠিক **Record-Code** অবশ্যই দিতে হবে। হ্যান্ড হেল্ড জিপিএস হতে **Data** নির্দিষ্ট **Software** এর মাধ্যমে **Download** করে **Laptop** এ রাখতে হবে। **Back up** রাখারও ব্যবস্থা রাখতে হবে।

অতঃপর GPS_TO_ GIS Software ব্যবহার করে GIS এর উপযোগী করে Excel File প্রস্তুত করতে হবে। কোন মতেই Co-ordinate Type করে Excel File প্রস্তুত করা যাবে না।

০৫। বরাদ্দকৃত সিস্টেমের মধ্যে যে সমস্ত GPS/BM আছে তাহা জিওডেটিক ডিটাচমেন্ট হতে সংগ্রহ করতে হবে এবং মাঠ হতে উক্ত GPS/BM এর Co-ordinate বর্ণনাসহ সংগ্রহ করে লিপিবদ্ধ করতে হবে। সংগৃহীত বর্ণনাপত্র মাঠের কাজ সমাপ্তির পর সংশ্লিষ্ট পার্টি প্রধানের ফরোয়ার্ডিং এ Geodetic detachment অফিসে অবশ্যই প্রেরণ করতে হবে। কোন GPS/BM শীটে না থাকলে তাহা প্লট করতে হবে।

০৬। জিআইএস হতে সরবরাহকৃত Record_Code অনুসরণ করে Feature সমূহের নাম F_Name কলামে লিখে আনতে হবে। যেমন-Bhashantek Jame Mosque, শুধু Mosque লিখলে হবেনা। একই নামের বানান F_Name ও Village list এ গ্রাম, স্কুল, মসজিদ বা অন্যান্য ফিচার এ অবশ্যই একই বানানে থাকতে হবে।

০৭। (ক) ব্লু-প্রিন্টে বিদ্যমান সকল উপাত্ত চেকিংসহ সকল মিসিং উপাত্ত যেমন- PO, DB, CH, Hospital, BTCL, জেলা, উপজেলা, ইউনিয়নের অবস্থান, কাটা, পাকা সকল ব্রীজসহ রাস্তা, ১১ KV এর বেশি KV বিশিষ্ট Power Transmission Line, Embankment Relative Height সহ অন্যান্য গুরুত্বপূর্ণ সকল উপাত্ত Hand Held GPS Receiver এর দ্বারা অথবা প্রতিবন্ধকতা থাকলে প্লেনটেবিলের সাহায্যে জরিপ করতে হবে।

(খ) স্পেসিফিকেশন মোতাবেক (১০০ বর্গ মিটারের উপরে) প্রতিটি বিল্ডিং Insertion Guide এবং Co-ordinate List এ আনতে হবে যদি কোন মিসিং থাকে। তবে গুরুত্বপূর্ণ স্থাপনা আকারে ছোট হলেও আনতে হবে।

(গ) স্পেসিফিকেশন মোতাবেক (২৫০০ বর্গ মিটারের উপরে) হুদ, পুকুর ইত্যাদির উপাত্ত আনতে হবে যদি মিসিং থাকে। বড় পুকুরের প্রত্যেক কর্ণারের Co-ordinate আনতে হবে।

০৮। (ক) মাঠ জরিপকালে মিসিং গুরুত্বপূর্ণ স্থাপনা KPI এর চতুর্পার্শ্বের সীমানার Co-ordinate সংগ্রহ করে KPI সীমানা Insertion Guide এ প্রদর্শন করতে হবে। GIS Record Code অনুযায়ী KPI feature শনাক্ত করে আনতে হবে।

(খ) ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগীয় বাউন্ডারী অবশ্যই স্থানীয় প্রশাসনিক প্রতিষ্ঠানের সহায়তায় গুরুত্ব সহকারে Verify করে আনতে হবে। ইউনিয়ন/উপজেলা বাউন্ডারী মানচিত্রের Details যেমন রাস্তা, নদী, খাল, রেললাইন, বনাঞ্চল ইত্যাদি ফিচারের সাথে মিল রেখে প্রয়োজনে Bondary এর বাঁকে বাঁকে GPS দ্বারা Coordinate নিয়ে প্লট করে সর্বাধিক গুরুত্ব সহকারে অংকন করতে হবে।

(গ) মাঠ হতে সংগৃহীত ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগীয় সীমানা Symbol মোতাবেক “Bondary Guide” নামে আলাদা ট্রেসিং পেপারে অংকন করতে হবে। বাউন্ডারী Verify ব্যতীত কোন শীট জমা নেওয়া হবে না। কোন ইউনিয়ন/উপজেলার অন্তর্গত গ্রাম ও অন্যান্য নাম সমূহ ঐ ইউনিয়ন/উপজেলা বাউন্ডারীর ভিতরে সন্নিবেশ করতে হবে।


০৯। (ক) প্রকর্মীগণ মাঠে ভেরিফিকেশনের সময় সকল গ্রাম ও অন্যান্য নামসমূহ চেকিং করে ভুল/মিসিং ডাটা ২২ টপোতে লিপিবদ্ধ করে স্থানীয় প্রশাসন কর্তৃক সঠিকতা যাচাই করে সীলমোহরসহ স্বাক্ষর আনতে হবে। উল্লেখ্য যে, ২২ টপো ফর্মের কলাম অনুযায়ী বাংলা নামের কলাম প্রকর্মীগণ পূরণ করে স্থানীয় প্রশাসন কর্তৃক সঠিকতা যাচাইয়ের পর English কলাম ক্যাম্প অফিসার পূরণ করবে এবং O.C এর কলাম উপ-পরিচালক (জরিপ) পূরণ করবেন। উল্লেখ্য যে সফট কপিতে প্রদত্ত নাম সমূহও একইভাবে চেক করতে হবে।

(খ) 22 Topo Form-এ পূরনকৃত সমস্ত নাম Attribute Table কোড সহ Excel এ GIS Unit এ জমা দিতে হবে।

১০। মাঠ ভেরিফিকেশন কাজে GIS তথ্য সম্বলিত প্লটার প্রিন্ট এবং Publish Print এর Blue Print এর সমন্বয়ে তুলনা মূলক মিল রেখে তথ্য-উপাত্ত সংযোজন বিয়োজন করতে হবে।

১১। Coordinate List এ সংগৃহীত নাম সমূহ (গ্রাম, বাজার, হাট, কারখানা, সরকারি দপ্তর সমূহের নাম) অবশ্যই 22 Topo ফর্মের কলামের নামের বানানের সাথে পুরোপুরি মিল থাকতে হবে।

- ১২। মাঠ জরিপ কাজ শেষ হওয়ার পর মাঠেই প্রাপ্ত সমন্বয় করে নিবেন। প্রাপ্ত সমন্বয়ের ক্ষেত্রে **Line Symbol, Area Symbol** উভয় ধরনের **Feature** কে বিবেচনা করতে হবে।
- ১৩। ইউনিয়ন পরিষদে, উপজেলা সদরে, জেলা সদরে, বিভাগীয় সদরে অবস্থিত সকল প্রকার সরকারি এবং পৌরসভা অফিস বা সিটি কর্পোরেশন অফিস জরিপ করতে হবে।
- ১৪। মিসিং খ্যাতনামা সরকারি শিক্ষা প্রতিষ্ঠান, খ্যাতনামা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, মিসিং ঐতিহাসিক নিদর্শন বা প্রত্নতাত্ত্বিক নিদর্শন জরিপ করতে হবে।
- ১৫। প্রত্যেক সার্ভেয়ারের ক্যাম্প পরিদর্শন বই রাখতে হবে। ক্যাম্প শিফটিং করলে নতুন অবস্থানের ঠিকানা পার্টি হেড কোয়ার্টারে জানাতে হবে।
- ১৬। ক্যাম্প অফিসার প্রতি মাসের মাঠের কাজের অগ্রগতির প্রতিবেদন **0.45 (Tech) 0.47 (a) Travelling Index Chart** ও আনুসঙ্গিক বিল, টিএ ডাটাসমূহ পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে পার্টি অফিসে প্রেরণ করবেন।



২৩-১২-২০২০

মোঃ আবুল কালাম

পরিচালক

বাংলাদেশ জরিপ অধিদপ্তর পত্রজারী গুপ (উন্নয়ন সার্ভে)